# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date:16-05-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নির্বাচনী প্রচারে উস্কানিমূলক মন্তব্যের দায়ে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে থানায় এফআইআর দায়ের হয়েছে।

২) আর জি কর কান্ডে রাজ্য সরকার তৎকালীন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল, ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখার্জী এবং ডি সি নর্থ অভিষেক গুপ্তাকে সাসপেন্ড করেছে।

৩) দায়িত্বভার গ্রহণের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ জেলা প্রশাসনের বৈঠকে যোগ দিতে দক্ষিণ ২৪ পরগণা যাচ্ছেন।

৪) সরকার, ২০১১ সালের পর থেকে রাজ্যে ইস্যু হওয়া সমস্ত জাতিগত শংসাপত্র পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে।

৫) আগামীকাল দ্বিতীয় হুগলী সেতু বন্ধ রাখার সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে।

৬) আইপিএল ক্রিকেটে ইডেনে আজ কলকাতা নাইট রাইডার্স খেলবে গুজরাট টাইট্যান্সের বিরুদ্ধে।

---

সদ্য শেষ হওয়া বিধানসভা নির্বাচনে প্রচার চলাকালীন একাধিকবার উস্কানিমূলক এবং হুমকি দেওয়ার অভিযোগে তৃণমূল কংগ্রেসরে সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে বিধাননগর সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের হয়েছে। রাজীব সরকার নামে এক জনৈক ব্যক্তি, তাঁর অভিযোগে জানিয়েছেন, গত ২৭ শে এপ্রিল মহেশতলা রোডশো-এ অভিষেক, সম্প্রীতি নষ্ট হতে পারে এমন মন্তব্য করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ পত্রে জানানো হয়েছে। অভিষেকের বক্তব্যের ভিডিও তার অফিসিয়াল ফেসবুক চ্যানেল এবং বিভিন্ন সংবাদ মাধ্যম ও পোর্টালে বারবার সম্প্রচারিত হয়েছে। এর প্রেক্ষিতেই ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় গত ৫ ই মে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য দায়ের হয়েছে এফআইআর। এর মধ্যে বেশ কয়েকটি ধারা জামিন অযোগ্য বলে জানা যাচ্ছে।

উল্লেখ্য, রাজ্য পুলিশের তরফে সম্ভবত অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে এটিই প্রথম এফআইআর।

---------------------

আরজি কর কাণ্ডে রাজ্য সরকার তিন আইপিএস আধিকারিককে সাসপেন্ড করেছে। মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে জানিয়েছেন, তদন্তে গাফিলতি, পরিস্থিতি সামলাতে ব্যর্থতা এবং নিহত তরুণী চিকিৎসকের পরিবারকে টাকা দিতে চাওয়ার অভিযোগে তৎকালীন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল, ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখার্জি এবং ডিসি নর্থ অভিষেক গুপ্তাকে সাসপেন্ড করা হলো।

ক্যাডার রুলস অনুযায়ী মুখ্য সচিবের তত্ত্বাবধানে এবং স্বরাষ্ট্র সচিবের মাধ্যমে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হবে।

মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, তদন্ত বর্তমানে সিবিআই-এর হাতে এবং বিষয়টি আদালতে বিচারাধীন থাকায় সরকার মূল অপরাধ তদন্তে হস্তক্ষেপ করছে না। তবে কলকাতা পুলিশের কয়েকজন সিনিয়র আধিকারিক কীভাবে পরিস্থিতি সামলেছিলেন, তা খতিয়ে দেখা হয়েছে। এব্যাপারে কোন মন্ত্রী বা তৎকালীন মুখ্যমন্ত্রীর নির্দেশ ছিল কিনা, তাও বিবেচনা করা হবে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

---------------------

অভয়া কাণ্ডে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং তাঁর দল তৃণমূল কংগ্রেস প্রত্যক্ষভাবে জড়িত বলে নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ এবং পুর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল অভিযোগ করেছেন। কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সাসপেন্ড হওয়া তিন পুলিশ কর্তাদের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া প্রয়োজন যা দেখে আগামী দিনে কোন পুলিশ আধিকারিক এই ধরনের কাজে জড়িত না হন।

---------------------

প্রেসিডেন্সির সংশোধনাগারে বন্দীদের কাছে মোবাইল ফোন থাকার ঘটনায় জেল সুপার সহ দুই আধিকারিককে সাসপেন্ড করেছে রাজ্য সরকার । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, এই ঘটনায় কর্তব্য পালনে গাফিলতি এবং বন্দিদের অনৈতিক সুবিধা পাইয়ে দেওয়ার অভিযোগে জেলের সুপার এন কুজুর এবং কো-কন্ট্রোলার দীপ্ত ঘড়াইকে অবিলম্বে সাসপেন্ড করার কথা ঘোষণা করেছেন। কিভাবে সংশোধনাগারের ভেতরে বন্দীরা অবাধে স্মার্ট ফোন ব্যবহার করছিল, তার তদন্তভার দেওয়া হয়েছে CID-কে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে সাংবাদিকদের কাছে কারা দফতরের এই অব্যবস্থার জন্য পূর্বতন সরকারকেই দায়ী করেছেন। তিনি জানান, রাজ্যের প্রায়

প্রতিটি সেন্ট্রাল জেলে কয়েকদিদের মধ্যে মোবাইল ফোন ব্যবহারের অভিযোগ আসছিল। তার প্রেক্ষিতে প্রেসিডেন্সি সংশোধনাগারে অভিযান চালিয়ে সিম কার্ড সহ ২৩-টি স্মার্ট ফোন উদ্ধার হয়েছে। এই ঘটনায় সন্দেশখালির শেখ শাজাহান সহ যারা জড়িত প্রত্যেকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, পূর্বতন সরকার অপরাধীদের সুবিধা পাইয়ে দিতেই সংশোধনাগারে মোবাইল ফোন বা অন্য অপরাধমূলক কাজে মদত জোগাত বলে বিজেপির মুখপাত্র দেবজিত সরকার অভিযোগ করেছেন।

বাইট দেবজিত

----------------------

পুর নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন খাদ্যমন্ত্রী রথীন ঘোষকে গতকাল ১০ ঘন্টা জেরা করে ইডি। এর আগে ৫ বার তাকে তলব করা হলেও তিনি হাজিরা দেননি। গতকাল সকালে কোনোরকম নোটিশ ছাড়াই ই ডি সদর দপ্তর - সিজিও কমপ্লেক্সে হাজির হন তিনি। দীর্ঘ জেরার পর দপ্তর থেকে বেরিয়ে রথীন বাবু বলেন, যা জানতে চাওয়া হয়েছিল, তার তিনি উত্তর দিয়েছেন, জমা দিয়েছেন বেশ কিছু নথিপত্র। ১০ দিন পর ফের তাকে হাজির হওয়ার নির্দেশ দিয়েছে ই ডি।

এদিকে, অবৈধ ভাবে জমি দখল ও আর্থিক দুর্নীতি মামলায় ধৃত কলকাতা পুলিশের ডি সি শান্তনু সিনহা বিশ্বাসকে ব্যাঙ্কশাল আদালত গতকাল ১৩ দিনের ইডি হেফাজতে পাঠিয়েছে। ২৮ শে মে ফের আদালতে পেশ করা হবে তাকে।

-----------------------

রাজ্যপালের অভিভাষণ এর মধ্যে দিয়ে আগামী ১৮ই জুন বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। রথীন্দ্র বসু গতকাল অধ্যক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণের পর জানিয়েছেন, ঐদিন সকাল এগারোটায় রাজ্যপাল আর এন রবি অধিবেশনে তার বক্তব্য পেশ করবেন। এরপর দুপুর সাড়ে বারোটায় অধিবেশনের দ্বিতীয় অর্ধ শুরু হবে। এর আগে পরিষদীয় নিয়ম মেনে বসবে সর্বদলীয় এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠক। বাইশে জুন চলতি অর্থ বছরের বাকি আট মাসের জন্যে বাজেট পেশ করা হতে পারে বলে জানা গিয়েছে।

-----------------------

অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু দায়িত্বভার গ্রহণ করেছেন। গতকাল বিধানসভার বিশেষ অধিবেশনে সর্বসম্মতিক্রমে তিনি অধ্যক্ষ নির্বাচিত হন।

-----------------------

দায়িত্বভার গ্রহণের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ প্রথম জেলা সফর করবেন। তিনি সড়কপথে প্রথমে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার যাবেন। সেখানে জেলার পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠকে বসবেন তিনি। এরপর ফলতায় আগামী ২১ তারিখ নির্বাচন উপলক্ষ্যে বিজেপি প্রার্থী দেবাংশু পাণ্ডার সমর্থনে কর্মীসভায় যোগ দেবেন বলে বলে জানা গেছে।

এদিকে ফলতায় ভোটগ্রহণকে কেন্দ্র করে তৎপরতা তুঙ্গে। ঐ কেন্দ্রে সিপিআইএম প্রার্থী শম্ভুনাথ কুর্মিকে সমর্থনের কথা ঘোষণা করেছে সিপিআইএম লিবারেশন।

---------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পয়লা জুন থেকে রাজ্যে 'জনতার দরবার' শুরু করতে চলেছেন। উত্তরপ্রদেশের ধাঁচে নেওয়া এই উদ্যোগের মাধ্যমে মুখ্যমন্ত্রী সরাসরি রাজ্যের সাধারণ মানুষের অভাব-অভিযোগ শুনবেন এবং মানুষের সঙ্গে সরাসরি কথা বলে তাদের সমস্যার সমাধান করবেন। এজন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। নতুন সরকারের অন্যতম জনমুখী উদ্যোগ হিসেবেই দেখা হচ্ছে এই কর্মসূচিকে। প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরাও সেখানে উপস্থিত থাকবেন। সপ্তাহে অন্তত ১ থেকে ২ দিন ‘জনতার দরবার’ বসবে। মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ বাড়ানোর ক্ষেত্রে এই ধরনের উদ্যোগ অত্যন্ত কার্যকর হবে বলে মনে করা হচ্ছে।

---------------------

রাজ্যের দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বৈঠকে বসতে চলেছেন। আগামী একুশ তারিখ পুরুলিয়া,বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমান জেলার সঙ্গে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট জেলাশাসক ও জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। একাধিক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার বিষয়ে সেখানে আলোচনা হতে পারে। নবনির্বাচিত বিধায়কদের কাছ থেকেও নতুন কাজের প্রস্তাব চাওয়া হয়েছে।

---------------------

সরকার, ২০১১ সালের পর থেকে রাজ্যে ইস্যু হওয়া সমস্ত জাতিগত শংসাপত্র বা কাস্ট সার্টিফিকেট পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে। রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের তরফে সমস্ত জেলাশাসকদের কাছে সম্প্রতি পাঠানো এক নির্দেশিকায় বলা হয়েছে, গত ১৪ বছরে দেওয়া শংসাপত্রগুলির সত্যতা ও বৈধতা নিয়ে বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠেছে। সেই কারণেই 'রি-ভেরিফিকেশন'-এর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সরকারি নথি অনুযায়ী, ২০১১ সালের পর থেকে তফসিলি জাতি (SC), তফসিলি উপজাতি (ST) এবং ওবিসি মিলিয়ে প্রায় ১ কোটি ৬৯ লক্ষ জাতি শংসাপত্র ইস্যু হয়েছে। দুয়ারে সরকার শিবিরের মাধ্যমেও বিপুল সংখ্যক শংসাপত্র দেওয়া হয়েছিল। প্রশাসনের দাবি, এই সময়কালে ইস্যু করা কিছু সেকেন্ড জেনারেশন সার্টিফিকেট নিয়েও সংশয় রয়েছে।

সংশ্লিষ্ট মহকুমাশাসক (SDO) এবং জেলা স্তরের আধিকারিকরা সমস্ত শংসাপত্র খতিয়ে দেখবেন। কোথাও অনিয়ম বা ভুল তথ্যের ভিত্তিতে শংসাপত্র দেওয়া হয়ে থাকলে, আইন অনুযায়ী তা বাতিল করার প্রক্রিয়াও শুরু করা হবে।

এ ছাড়াও, সম্প্রতি ভোটার তালিকার বিশেষ সংশোধন (SIR) প্রক্রিয়ায় যাঁদের নাম বাদ পড়েছে, তাঁদের এবং তাঁদের ওপর নির্ভরশীলদের জাতিগত শংসাপত্রও পরীক্ষা করে দেখার কথা বলা হয়েছে। প্রয়োজনে সেগুলিও বাতিল করা হতে পারে।

----------------------

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন হাসপাতালে অব্যবহৃত, খালি শয্যা বা বেড এবার থেকে প্রয়োজনে রাজ্য সরকারি হাসপাতালগুলি ব্যবহার করবে। বিভিন্ন সরকারি হাসপাতাল

কর্তৃপক্ষ ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে গতকাল এসএসকেএমে এক বৈঠকের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই নির্দেশ দিয়েছেন। বিভিন্ন সরকারি হাসপাতালে বেড না থাকায় মুমূর্ষু রোগীদের ফিরিয়ে দেওয়ার অভিযোগ নতুন নয়। এই সমস্যা মেটাতে কেন্দ্রের অধীনস্থ বিভিন্ন হাসপাতালে ফাঁকা পড়ে থাকা বেড যাতে রাজ্য সরকারের হাসপাতালগুলি ব্যবহার করতে পারে, এ ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রকের সঙ্গে আলোচনা করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এছাড়াও সরকারি হাসপাতালে কোথায় কত বেড ফাঁকা ও ভর্তি রয়েছে তা জানাতে রিয়েল টাইম মনিটরিং ব্যবস্থা চালু করার নির্দেশ দেওয়া হয়েছে। হাসপাতালে প্রভাব খাটিয়ে যাতে বেড দখল করে না রাখা হয় সে ব্যাপারেও স্পষ্ট বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী।

---------------------

সারাইয়ের কারণে আগামীকাল বিদ্যাসাগর সেতু বন্ধ থাকবে বলে জানানো হলেও সেই সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। গতরাতে কলকাতা পুলিশের ট্রাফিক বিভাগ থেকে এব্যাপারে নতুন বিজ্ঞপ্তি জারি করা হয়। এর ফলে আগামীকাল গোটা দিনই কলকাতা হাওড়া সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু যান চলাচলের জন্য খোলা থাকছে। সেতু সারাইয়ের কাজ স্থগিত হওয়ায়, সিদ্ধান্ত বদল বলে জানা গেছে।

---------------------

পূর্ব রেলের সমুদ্রগড় ও নবদ্বীপ ধাম স্টেশনের মধ্যে ৯২ নম্বর ব্রিজের রক্ষণাবেক্ষণ এবং জিরাট ও গুপ্তিপাড়া স্টেশনের মাঝে লিমিটেড হাইট সাবওয়ে ( LHS) কাজের জন্য আজ ( 16.05.26) সকাল ৮ টা ২০ মিনিট থেকে বিকেল ৪ টে ১০ মিনিট পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই

কারণে আজ হাওড়া - কাটোয়া মধ্যে চার জোড়া, ব্যান্ডেল - কাটোয়া র মধ্যে ৩ জোড়া, শিয়ালদা - কাটোয়ার মধ্যে ১ জোড়া EMU লোকাল বাতিল থাকবে।

---------------------

বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তিকর আবহাওয়া থাকলেও আগামী কয়েক দিন রাজ্যে সব জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পশ্চিমের জেলাগুলি মূলত পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান ও বীরভূমে বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। তবে তাপমাত্রার কোনো তারতম্য হবে না বলে আকাশবাণীকে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

এদিকে উত্তরবঙ্গেও আগামী কয়েক দিন বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামী ২৪ ঘন্টার মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বর্ষা প্রবেশ করছে বলেও তিনি জানান।

---------------------

ইডেনে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটানস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১২ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে গুজরাট পয়েন্ট তালিকায় দ্বিতীয়, ১১ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে কলকাতা অষ্টম স্থানে রয়েছে। প্লে অফে যাওয়ার কোনরকম সম্ভাবনা জিইয়ে রাখতে হলে কেকে আর কে বাকি তিনটি ম্যাচ জিততেই হবে।

এদিকে, আজকের ম্যাচ জিতলে প্লে অফ প্রায় নিশ্চিত করে ফেলবে গুজরাট।

--------------------- ---------------------